গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশল অধিদপ্তর
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১৪৬/১

তারিখ ঃ ২৯ বৈশাখ ১৪৩২। / ১২ মে ২০২৫।

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৩ মে ২০২৫ খ্রি. তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সম্পর্কিত সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

১২/০৫/২৫
(মোঃ মামুনুর রহমান)
উপজেলা প্রকৌশলী
ও সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

..............................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

# পরিশিষ্ট- "ক"

## অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ১৬।০৫।২০২৫

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | রেহেনুমা তারান্নুম | প্রশাসক, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | |
| ২ | মোঃ হারুন অর রশীদ | চেয়ারম্যান<br>ফুলবাড়ী সদর ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ শরীফুল আলম মিয়া | চেয়ারম্যান<br>শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ একরামুল হক | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোঃ মামুনুর রহমান | উপজেলা প্রকৌশলী<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রেহেনুমা তারান্নুম
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ১৩ মে ২০২৫ খ্রি.

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ০৩.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী পাঠ করে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী ও সদস্য-সচিব, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটিকে আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, চলমান বর্ষা মৌসুমে ফুলবাড়ী উপজেলার ফুলসাগর রাস্তা, ফুলবাড়ী আদর্শ স্কুলগামী রাস্তা, ধরলা ব্রিজগামী রাস্তা , নাওডাঙ্গা ইউপির বাবুল মাষ্টারের বাড়ী সংলগ্ন রাস্তা ও বড়ভিটা ইউপির আমসা বাজার রাস্তা ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে উক্ত রাস্তাগুলি জনসাধারণের চলাচলের জন্য সচল রাখা অত্যন্ত প্রয়োজন হবে। এমতাবস্থায়, উল্লেখিত রাস্তাগুলি সংস্কার করার জন্য Geo-Bag ক্রয় করা প্রয়োজন। এই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীকে যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুত করার জন্য বলা হলে তিনি নিম্নবর্ণিত প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল(অপ্রত্যাশিত খাত) হতে Geo-Bag জরুরীভাবে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ক্রয়ের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

১। উপজেলার বিভিন্ন রাস্তা সংস্কারের Geo-Bag ক্রয় করণ।

বরাদ্দ টাকা=২০০০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১। মো: আজগার আলী | ইউপি সদস্য(ফুলবাড়ী) | সভাপতি |
| ২। মোঃ মাসুদ আল হাসান | সমাজ সেবক | সদস্য সচিব |
| ৩। মোঃ আব্দুল মতিন মিয়া | শিক্ষক | সদস্য |
| ৪। মোঃ হাসানুর রহমান | ঈমাম | সদস্য |
| ৫। মোঃ মজিবর রহমান | বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২৪-২০২৫খ্রি: অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির(এডিপি) আওতায় অনুমোদিত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য ০৩টি দরপত্র আহবান করা হয়েছে এবং দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশনার জন্য নিম্নবর্ণিত ০৩টি পত্রিকার বিজ্ঞাপন ম্যানেজারকে অনুরোধ জানানো হয়েছে। সংশ্লিষ্ট বিজ্ঞাপন ম্যানেজার কর্তৃক যথাসময়ে বিজ্ঞপ্তি প্রকাশনার পর বিজ্ঞাপন বিল দাখিল করা হয়েছে।

| | |
|---|---|
| ১। বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক বাংলার মানুষ কুড়িগ্রাম। | = ১১,৭৭৬/- টাকা |
| ২। বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক সকালের কাগজ কুড়িগ্রাম। | = ৮,৮৩২/- টাকা |
| ৩। বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক কুড়িগ্রাম খবর কুড়িগ্রাম। | = ১৪,৭২০/- টাকা |
| | = ৩৫,৩২৮/- টাকা |

বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে উল্লেখিত বিলসমূহ পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

(পাতা চলমান-০২)

পরিশেষে, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০৫/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১৪৭/১

তারিখ ঃ ০১ জ্যৈষ্ঠ ১৪৩১। / ১৫ মে ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

১৪/০৫/২৫

(মোঃ মামুনুর রহমান)
উপজেলা প্রকৌশলী
ও সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।